গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

**জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো, সাঁওতাল ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই রায় চৌধুরী |
| | : | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ০৫ এপ্রিল ২০২৬; সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, পহেলা বৈশাখে নববর্ষ পালন বাংলাদেশের সকল জাতি-গোষ্ঠীর সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। সকল জাতিগোষ্ঠীকে নিয়ে অন্তর্ভুক্তিমূলক একটি উৎসব আয়োজনই আমাদের লক্ষ্য। ১৪১৭ বঙ্গাব্দ থেকে নানা উৎসব আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে বরণ করা হয়। সরকার জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো, সাঁওতাল ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি অন্তর্ভুক্তিমূলক উৎসব আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। বিগত ২৯ মার্চ ২০২৬ তারিখ এ বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য আজকের সভা আহবান করা হয়েছে। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

০২. সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ/সময় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ০১ বৈশাখ ১৪৩৩<br>১৪ এপ্রিল ২০২৬ | বাংলা নববর্ষ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী সম্বলিত বাংলা নববর্ষের বিশেষ ক্রোড়পত্র বিভিন্ন পত্রিকায় প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাংলা একাডেমি ক্রোড়পত্রের বিষয়বস্তুসহ ক্রোড়পত্রের খসড়া প্রস্তুতপূর্বক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলা একাডেমি। |
| ২.২ | ০১ বৈশাখ ১৪৩৩ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ প্রতি বছরের ন্যায় পহেলা বৈশাখে 'বৈশাখী শোভাযাত্রা' ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় সকাল ০৯.০০ টা)। সকল জাতিগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করে একটি অন্তর্ভুক্তিমূলক সার্বজনীন 'বৈশাখী শোভাযাত্রা' অনুষ্ঠিত হবে। প্রত্যেক জাতিগোষ্ঠী তাদের নিজস্ব ঐতিহ্যবাহী পোশাক, সংস্কৃতির লোকজ সংগীত ও বাদ্যযন্ত্রে নিজস্বতা ফুটিয়ে তুলবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি সকল জাতি গোষ্ঠীর সাংস্কৃতিক দলের বৈশাখী শোভাযাত্রায় অংশগ্রহণের বিষয়টি সমন্বয় করবে। বৈশাখী শোভাযাত্রাটি আরো আকর্ষণীয় ও বর্ণাঢ্য করার জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশের অশ্বারোহী বাহিনী অংশগ্রহণ করবে। বৈশাখী শোভাযাত্রায় এ বছরের প্রতিপাদ্য-<br>"নববর্ষের ঐকতান<br>গণতন্ত্রের পুনরুত্থান"<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় উক্ত 'বৈশাখী শোভাযাত্রা' অনুষ্ঠানটি সকল সরকারি/ বেসরকারি টিভি, রেডিও, বাণিজ্যিক রেডিও ও কমিউনিটি রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, মেট্রোপলিটন পুলিশ, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মিউজিক্যাল ব্যান্ডস অ্যাসোসিয়েশন (বামবা), বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, উৎসব উদ্‌যাপন পরিষদ, গারো সাংস্কৃতিক সংগঠন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), |

| ক্রমিক | তারিখ/সময় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মিউজিক্যাল ব্যান্ডস অ্যাসোসিয়েশন (বামবা), বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, উৎসব উদ্‌যাপন পরিষদ, গারো সাংস্কৃতিক সংগঠনসহ অন্যান্য সাংস্কৃতিক সংগঠনও বাংলা নববর্ষ উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন করবে। | (সকল) এবং বেসরকারি বেতার (সকল)। |
| ২.৩ | ০১ বৈশাখ ১৪৩৩ | বৈশাখী শোভাযাত্রা উদ্বোধনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ২.৪ | ০১ বৈশাখ ১৪৩৩ | নববর্ষ ১৪৩৩ উপলক্ষ্যে আয়োজিতব্য সকল অনুষ্ঠানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে। নিরাপত্তার পাশাপাশি সর্বস্তরের জনসাধারণের অনুষ্ঠানস্থলে নির্বিঘ্নে আসার বিষয়েও দৃষ্টি রাখতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাব। |
| ২.৫ | ০১ বৈশাখ ১৪৩৩ | ছায়ানট (সকাল ৬.১৫টা-৮.৩০টা) রমনা বটমূলে ও জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) রমনা পার্কের রাণীমঞ্চে দিনব্যাপী (সকাল ৮.৩০টা-সন্ধ্যা ৬.০০টা) সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। দুইটি সংগঠন নিজেদের মধ্যে আলোচনা করে সময়ের ওভারলেপিং যাতে না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ছায়ানট ও জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) |

৩.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/০৪/২০২৬
নিতাই রায় চৌধুরী
মন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪০.২৬.২৬৬

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা।
৫. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক (গ্রেড-১), কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৯. মহাপরিচালক, র‍্যাব, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
১৩. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
[illegible] থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

১৯. জনাব আশরাফ উদ্দিন আহমেদ উজ্জ্বল, সাংস্কৃতিক সম্পাদক, বিএনপি, ব্লক-কে, রোড-২০, বাড়ি-২৫, বনানী, ঢাকা- ১২১৩।
২০. উপসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. উপ-পুলিশ কমিশনার (ডিসি), রমনা, ঢাকা।
২২. সভাপতি, জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস), ঢাকা।
২৩. সাধারণ সম্পাদক, জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস), ঢাকা।
২৪. সভাপতি, ছায়ানট।
২৫. সভাপতি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা।
২৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন।
২৭. সভাপতি, উৎসব উদ্‌যাপন পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
২৮. সভাপতি/সাধারণ সম্পাদক, গারো সাংস্কৃতিক সংগঠন।
২৯. সভাপতি, বাংলাদেশ মিউজিক্যাল ব্যান্ডস অ্যাসোসিয়েশন (বামবা)।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অফিস কপি।

০৯/৪/২০২৬

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd